ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বাংলাদেশে জলবায়ু অর্থায়নে সুশাসন: প্রাতিষ্ঠানিক ও প্রায়োগিক অগ্রগতি, চ্যালেঞ্জ ও সম্ভাবনা

এম. জাকির হোসেন খান

৯ জুলাই ২০১৪

# বাংলাদেশের ওপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব

**বাংলাদেশ বিশ্বের সামগ্রিক কার্বন নিঃসরণের মাত্র ০.০৫ শতাংশের জন্য দায়ী, অথচ জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত দেশগুলোর একটি**

- ২০৫০ সাল নাগাদ বাংলাদেশের প্রায় ২.৭ কোটি মানুষ সমুদ্রস্ফীতির ঝুঁকির শিকার হবে (উৎস: হুইলার, ২০১১)
- আইপিসিসি'র ৫ম এসেসম্যান্ট প্রতিবেদন, ২০১৪ অনুযায়ী
  - সমুদ্রস্ফীতি জনিত লবণাক্ততা এবং তাপমাত্রার উর্দ্ধগতির ফলে ২০৫০ সালের মধ্যে ধান এবং গমের উৎপাদন যথাক্রমে ৮% এবং ৩২% হ্রাস পেতে পারে
  - ২০৩০ এর মধ্যে সামগ্রিক দারিদ্রের হার আরো ১৫% বেড়ে যেতে পারে
  - ২৮ সে.মি. সমুদ্রস্ফীতি হলে এবং পলি গঠন সে অনুপাতে না হলে সুন্দরবনে বাঘের বিচরণ ভূমির ৯৬% তলিয়ে যেতে পারে
  - ম্যালেরিয়া এবং ডেঙ্গুর প্রকোপ বেড়ে যাবে

# জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৈশ্বিক প্রধান পদক্ষেপসমূহ

| | |
|---|---|
| • জাতিসংঘ জলবায়ু পরিবর্তন বিষয়ক কাঠামো সনদ (ইউএসএফসিসিসি) প্রতিষ্ঠার প্রস্তাব: রিও ডি ঘোষণায় অন্তর্ভূক্ত "দূষণকারীরা ক্ষতিপূরণ দেবে" | ১৯৯২ এ প্রস্তাব গৃহীত |
| • কিয়োটো প্রটোকল ও দূষণমুক্ত উন্নয়ন কৌশল (সিডিএম) | ১৯৯৭ (কপ৩) |
| • বালি কর্ম পরিকল্পনা প্রণয়ণ: প্রশমন, অভিযোজন, প্রযুক্তি ও অর্থায়ন | ২০০৭ (কপ১৩) |
| • অভিযোজন তহবিল: সিডিএম'র আওতায় কার্বন আদান-প্রদানের ওপর ২% লেভি | ২০০৮ (কপ১৪) |
| • কোপেনহেগেন চুক্তি: উন্নত (অ্যানেক্স ভুক্ত) দেশসমূহের ক্ষতিগ্রস্ত দেশসমূহকে 'নতুন' এবং 'অতিরিক্ত ' তহবিলের প্রতিশ্রুতি;<br>• ফার্স্ট স্টার্ট ফাইন্যান্স (২০১০-১২): ৩০বিলিয়ন ডলার;<br>• ২০১৩ হতে ২০২০ সালের মধ্যে তবহিল বার্ষিক ১০০ বিলিয়ন ডলারে উন্নীত করা | ২০০৯ (কপ১৫) |
| • গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) গঠনের সিদ্ধান্ত | ২০১০ (কপ১৬) |
| • অভিযোজন তহবিলের জন্য ১০০ মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি<br>• সবুজ জলবায়ু তহবিলের সচিবালয় স্থাপন, নির্বাহী পরিচালক নিয়োগ | ২০১৩ (কপ১৯) |

# জলবায়ু তহবিল ব্যবস্থাপনায় বাংলাদেশের প্রধান পদক্ষেপসমূহ

- জাতীয় অভিযোজন পরিকল্পনা ২০০৫
- জলবায়ু পরিবর্তন কৌশলপত্র এবং কর্মপরিকল্পনা ২০০৯ প্রণয়ন - ৬টি থিম, ৪৪টি কর্মসূচী (৩৪ অভিযোজন, ১০ টি প্রশমন), ১৪৫ টি প্রকল্প (মধ্যম/ দীর্ঘমেয়াদী); প্রাক্কলিত ব্যায় ৫ বিলিয়ন ইউএস ডলার (২০১৪-২০১৮ অর্থ বছর);
- ‘বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড’ (বিসিসিটিএফ) - সরকারের জাতীয় বাজেট হতে সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে অর্থায়ন
- ‘বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ রেজিলিয়েন্স ফান্ড’ (বিসিসিআরএফ) গঠন - ক্ষতিপূরণ বাবদ বহুপাক্ষিক ট্রাস্ট তহবিলে অনুদান, যা উন্নয়ন বরাদ্দের বাইরে ‘অতিরিক্ত’ ও ‘নতুন’ তহবিল
- অন্যান্য তহবিল (পিপিসিআর, জেফ, এসএসএফ, এলডিসিএফ) হতে অর্থ বরাদ্দ - বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংক (বিশ্ব ব্যাংক, এডিবি ইত্যাদি) - অনুদান + ঋণ
- জলবায়ু পরিবর্তন কৌশল এবং কর্ম পরিকল্পনা ২০০৯ মূল্যায়ন ও হালনাগাদের উদ্যোগ
- জলবায়ু অভিযোজন পরিকল্পনার পথ নকশা প্রণয়নের কাজ শুরু
- জলবায়ু বিষয়ক সরকারি ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে ই-কিট প্রণয়ন

# কার্যপত্রের সুনির্দিষ্ট উদ্দেশ্য, পরিধি ও তথ্যের উৎস

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

- জলবায়ু তহবিল ছাড়ে বৈশ্বিক এবং জাতীয় পর্যায়ে অগ্রগতি, প্রাতিষ্ঠানিক ও প্রায়োগিক চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা;
- জলবায়ু তহবিল ব্যবস্থাপনায় আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয়, প্রকল্প যাচাই ও অনুমোদন, তহবিল বাস্তবায়ন, এবং তদারকি, নিরীক্ষা ও মূল্যায়নে অগ্রগতি ও চ্যালেঞ্জসমূহ নির্ধারণ করা;
- সার্বিকভাবে জলবায়ু তহবিলের সুশাসনের সম্ভাবনা নিশ্চিতে সুনির্দিষ্ট সুপারিশ প্রস্তাব করা।

## কার্যপত্রের পরিধি

- বৈশ্বিক ও জাতীয় পর্যায়ে বিসিসিটিএফ, বিসিসিআরএফ সহ বিভিন্ন তহবিল হতে অর্থায়নে অগ্রগতি এবং চ্যালেঞ্জ
- জাতীয় পর্যায়ে তহবিল ব্যবস্থাপনায় আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয়, প্রকল্প অনুমোদন ও যাচাই, তহবিল বাস্তবায়ন এবং তদারকি ও মূল্যায়নে অগ্রগতি
- জলবায়ু তহবিল ব্যবস্থাপনায় অগ্রগতি ও চ্যালেঞ্জ চিহ্নিত করতে জলবায়ু অর্থায়নের নীতিসমূহ (স্বচ্ছতা; জবাবদিহিতা; তহবিলে সরাসরি অভিগম্যতা; তহবিলের পর্যাপ্ততা; দীর্ঘকালীন তহবিলের নিশ্চয়তা; টেকসই উন্নয়ন ব্যাহত/মৌলিক মানবাধিকার লঙ্ঘন না করা;তহবিল গ্রহীতা দেশের জাতীয় মালিকানাবোধ, সিদ্ধান্ত গ্রহণে স্বাধীনতা, ক্ষতিগ্রস্ত নাগরিকদের অংশগ্রহণ ও বাস্তবায়িত প্রকল্পে দৃশ্যমান ফলাফল) বিবেচনা।

## তথ্যের উৎস

- টিআইবি কর্তৃক আগষ্ট ২০১১ হতে জুন ২০১৪ সময়কালে জলবায়ু অর্থায়নে সুশাসন বিষয়ক গবেষণায় প্রাপ্ত তথ্য
- বৈশ্বিক ও জাতীয় পর্যায়ে জলবায়ু অর্থায়ন সংক্রান্ত বিভিন্ন গুণগত ও পরিমাণগত তথ্যের বিশ্লেষণ

# আন্তর্জাতিক এবং জাতীয় পর্যায়ে জলবায়ু অর্থায়ন

উন্নত দেশসমূহ: জাপান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জার্মানী, নরওয়ে, ফ্রান্স, নেদারলান্ডস্, স্পেন, কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড

এমআইই: ইউএনডিপি, ইউএনইপি, এমডিবি

ডিএফআইড, জিআইজেড

দ্বিপাক্ষিক অর্থায়ন

জলবায়ু ন্যাযতা/ দূষণকরীর ক্ষতিপূরণ প্রদান নীতি

- অভিযোজন তহবিল
- স্পেশাল ক্লাইমেট চেঞ্জ ফান্ড (এসসিসিএফ)
- স্বল্পোন্নত দেশগুলোর তহবিল (এলসিসিএফ)
- রেড+ (ইউএনডিপি/ইউএনইপি),এফসিপিএফ
- পাইলট প্রোগ্রাম ফর ক্লাইমেট রেজিলিয়েন্স
- ক্লাইমেট ইনভেষ্টমান্ট ফান্ড (অর্থ লগ্নিকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহ)
- গ্রীণ ক্লাইমেট ফান্ড

জাতীয় বাজেট


ভারত, রাশিয়া, চীন এবং দক্ষিণ আফ্রিকা (ব্রিকস)

ক্ষতিগ্রস্ত উন্নয়নশীল দেশসমূহ

জাতীয় পর্যায়ে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান

# বৈশ্বিক পর্যায়ে জলবায়ু অর্থায়নে চ্যালেঞ্জ


**প্রতিশ্রুতি: ২০১০-১২ সাল নাগাদ ইউএস ৩০ বিলিয়ন ডলার;**
**২০২০ সালের মধ্যে প্রতি বছর গড়ে ১০০ বিলিয়ন ডলার**




উন্নত দেশগুলো প্রতিশ্রুত জলবায়ু তহবিলের মাত্র ৭.২% অর্থ ছাড় করেছে

সূত্র: ক্লাইমেট ফান্ডস আপডেট হতে ৯ই জুন ২০১৪ সংগৃহীত

# বৈশ্বিক পর্যায়ে জলবায়ু অর্থায়নে চ্যালেঞ্জ




সূত্র: জিসিএফ ওয়েবসাইট হতে ৯ই জুন ২০১৪ সংগৃহীত

- উন্নত দেশগুলোর প্রতিশ্রুতির তুলনায় স্বল্প তহবিল প্রবাহ
- জুন, ২০১৪ এ জিসিএফ'র তহবিল সংগ্রহ সভায় উন্নত দেশ কর্তৃক কোনো প্রতিশ্রুতি না দেওয়ায় অভিযোজনের জন্য তহবিল প্রাপ্তিতে অনিশ্চয়তা
- জিসিএফ হতে জুন ২০১৪ পর্যন্ত প্রকল্প/কর্মসূচী বাবদ কোনো তহবিল বরাদ্দ করা হয়নি
- জিসিএফ হতে তহবিল সংগ্রহে মাত্র ২২টি দেশ জাতীয় নির্ধারিত কর্তৃপক্ষ (National Designated Authority-NDA) নির্ধারণ করলেও বিভিন্ন মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা না হওয়ায় বাংলাদেশ সরকার এখন পর্যন্ত তা নির্ধারণ করতে পারেনি


# বাংলাদেশে জলবায়ু অর্থায়নে প্রধান ভূমিকা পালনকারী প্রতিষ্ঠান

| তহবিলের ধরন | তহবিলের উৎস ও তহবিল ছাড় | সমন্বয় | প্রকল্প বাছাই এবং অনুমোদন |
|---|---|---|---|
| **বিসিসিটিএফ** | বাংলাদেশ সরকারের রাজস্ব তহবিল | পরিবেশ ও বন মন্ত্রণালয়, (বিসিসিটি), অর্থ মন্ত্রণালয়, পরিবেশ ও বন বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি, পিকেএসএফ (এনজিও/বেসরকারি) | **সরকারি:** ট্রাস্টি বোর্ড, কারিগরি কমিটি, **এনজিও/বেসরকারি:** পিকেএসএফ, ট্রাস্টি বোর্ড |
| **বিসিসিআরএফ** | অ্যানেক্স ভুক্ত উন্নত দেশসমূহ | বিশ্ববাংক, পরিবেশ ও বন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ইআরডি পিকেএসএফ (এনজিও/বেসরকারি) | **সরকারি:** পরিচালনা পরিষদ, ব্যবস্থাপনা কমিটি, বিশ্বব্যাংক, **এনজিও/বেসরকারি:** পিকেএসএফ |
| **পিপিসিআর** | এডিবি, আইএফসি এবং বিশ্ববাংকের মাধ্যমে উন্নত দেশ কর্তৃক প্রদত্ত | তহবিল দাতা দেশ, বিশ্বব্যাংক, ইআরডি, পরিবেশ ও বন মন্ত্রণালয়, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | সিআইএফ ইউনিট, বিশ্বব্যাংক, পিপিসিআর উপ-কমিটি |
| **জিইএফ** | জিইএফ ট্রাস্ট ফান্ড | ইউএনডিপি, ইউএনইপি, বিশ্বব্যাংক /এমডিবি, বাস্তবয়নকারী সংস্থা | জিইএফ কাউন্সিল |
| **এলডিসিএফ** | অ্যানেক্স ভুক্ত উন্নত দেশসমূহ | পরিবেশ ও বন মন্ত্রণালয়, জিইএফ, ইউএনডিপি | এলডিসিএফ কাউন্সিল |

# বাংলাদেশে জলবায়ু অর্থায়নে প্রধান ভূমিকা পালনকারী প্রতিষ্ঠান


| তহবিলের ধরন | তহবিল বাস্তবায়ন | তদারকি, নিরীক্ষা/ মূল্যায়ন |
|---|---|---|
| বিসিসিটিএফ | **সরকারি:** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়, জ্বালানী ও খনিজ সম্পদ, পানি সম্পদ, পরিবেশ ও বন, কৃষি, এবং অন্যান্য মন্ত্রণালয়<br>বিশ্বব্যাংক (বিসিসিআরএফ)<br><br>**এনজিও/বেসরকারি:** পিকেএসএফএর মাধ্যমে বিভিন্ন এনজিও | ▪ বাস্তবায়নকারী সংস্থা<br>▪ বিসিসিটি (সরকারি এবং এনজিও প্রকল্প),<br>▪ আইএমইডি এবং সিএন্ডএজি কার্যালয়<br>▪ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম<br>▪ তৃতীয় পক্ষ (বিসিসিআরএফ)<br>▪ পিকেএসএফ |
| বিসিসিআরএফ | | |
| পিপিসিআর | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, কৃষি ও অন্যান্য মন্ত্রণালয় | ▪ বাস্তবায়নকারী সংস্থা<br>▪ বিশ্বব্যাংক এবং অন্যান্য বহুপাক্ষিক ব্যাংক<br>▪ আইএমইডি এবং সিএন্ডএজি কার্যালয়<br>▪ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম |
| জিইএফ | পরিবেশ ও বন মন্ত্রণালয়, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, যোগাযোগ মন্ত্রণালয় | |
| এলডিসিএফ | পরিবেশ ও বন মন্ত্রণালয়, ইউএনডিপি | |

# বাংলাদেশে জলবায়ু তহবিল ছাড়ে অগ্রগতি





- উন্নত দেশগুলো প্রতিশ্রুতির তুলনায় বাংলাদেশকে মাত্র এক-চতুর্থাংশ তহবিল ছাড় করেছে
- বিসিসিটিএফ'র তুলনায় বিসিসিআরএফ-এ তহবিল বরাদ্দের পরিমাণ কম
- ফাস্ট স্টার্ট তহবিল ও পিপিসিআর হতে তহবিল ছাড়ের পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম

# বাংলাদেশে জলবায়ু তহবিল ছাড়ে চ্যালেঞ্জ





- বাংলাদেশের অভিযোজন অগ্রাধিকার হলেও উন্নত দেশসমূহ কর্তৃক প্রশমন বা কার্বন নিঃসরণে উল্লেখযোগ্য পরিমাণ তহবিল বরাদ্দ
- বিসিসিটিএফ'র তুলনায় বিসিসিআরএফ হতে অভিযোজন বাবদ তহবিল বরাদ্দ কম

# বিসিসিএসএপি'র থিম-ভিত্তিক তহবিল ছাড়ে অগ্রগতি





- সার্বিকভাবে  অবকাঠামো ও প্রশমন বাবদ যথাক্রমে ৫৩% ও ২৭%তহবিল বরাদ্দ
- বিসিসিআরএফ হতে প্রশমন/কার্বন নিঃসরণ বাবদ পায় ৪৪% তহবিল বরাদ্দ হলেও বাংলাদেশের অগ্রাধিকার অভিযোজন খাত

# বাংলাদেশে জলবায়ু তহবিল ছাড়ে চ্যালেঞ্জ




- সার্বিক জলবায়ু অর্থায়নে বিসিসিটিএফ হতে জাতীয় অর্থায়নই বেশি যা প্রায় ৫৯%
- উন্নত দেশের প্রতিশ্রুত "অতিরিক্ত" ও "নতুন" অর্থায়ন মাত্র ৪১%
- বিসিসিএসএপি বাস্তবায়নে ২০১৭-১৮ অর্থ বছর পর্যন্ত প্রতি বছর কমপক্ষে ১ বিলিয়ন ডলার প্রয়োজন হলেও ২০১৪ এর জুন পর্যন্ত সর্বমোট ৮৭০ মিলিয়ন ডলার তহবিল অনুমোদন - প্রয়োজনের তুলনায় মাত্র এক-চতুর্থাংশ তহবিলের যোগান

# বাংলাদেশে জলবায়ু তহবিল ছাড়ে চ্যালেঞ্জ




- ২০১৪-১৫ অর্থ বছর হতে ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত বিসিসিটিএফ'র প্রয়োজন ৩৫০ মিলিয়ন মার্কিন ডলার বা ২৭০০ কোটি টাকা (উৎস: অর্থ মন্ত্রণালয় প্রণীত খসড়া ক্লাইমেট ফিসক্যাল ফ্রেমওয়ার্ক প্রতিবেদন, ফেব্রুয়ারি ২০১৪)
- বিসিসিটিএফ ও বিসিসিআরএফ-এ নতুন তহবিল বরাদ্দ না করায় অভিযোজনে অনিশ্চয়তা

# বাংলাদেশে জলবায়ু তহবিল সমন্বয়ে চ্যালেঞ্জ


বিসিসিএসএপি'র কর্মসূচী বাস্তবায়নে খাতভিত্তিক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প অনুমোদন এবং বাস্তবায়নে বিসিসিটিএফ এবং বিসিসিআরএফ ও অন্যান্য উৎস হতে তহবিল বরাদ্দে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে পরিকল্পনা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সমন্বয়হীনতায় টেকসই অভিযোজনের ক্ষেত্রে চ্যালেঞ্জগুলো নিম্নরুপ-

ক) তহবিল বরাদ্দে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি/জাতীয় স্বার্থের চেয়ে রাজনৈতিক/অন্য কোনো স্বার্থ প্রাধান্য দেওয়া;

খ) সমন্বিত পরিকল্পনার ভিত্তিতে বাস্তবায়নকারী সরকারি প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়নে দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ পাচ্ছেনা - বিসিসিটিএফ হতে প্রকল্প বাবদ সর্বোচ্চ ২৫ কোটি টাকা পর্যন্ত বরাদ্দ দিতে পারলেও বিসিসিএরএফ হতে তহবিল বরাদ্দের সর্বোচ্চ সীমা নেই;

গ) বিসিসিআরএফ এ দাখিলকৃত প্রকল্প প্রস্তাব কারিগরি কমিটির মূল্যায়নে অযোগ্য বিবেচিত হলেও বিসিসিটিএফ হতে একই প্রস্তাব অনুমোদন পেতে সক্ষম হয় বলে অভিযোগ রয়েছে।


# বাংলাদেশে জলবায়ু তহবিল অনুমোদনে চ্যালেঞ্জ





**জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ অঞ্চলে তহবিল বরাদ্দে ঘাটতি**

**চরম খরা প্রবণ এলাকা, দক্ষিণাঞ্চলের ঘূর্ণিঝড় ও সমুদ্রস্ফীতির ঝুঁকিপূর্ণ এলাকায় অবকাঠামো খাতে বিসিসিটিএফ হতে তুলনামূলকভাবে কম সরকারি প্রকল্প বরাদ্দ**

# বাস্তবায়নকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক তহবিল প্রাপ্তি



# এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানে বিসিসিটিএফ হতে বাস্তবায়িত প্রকল্পের থিম-ভিত্তিক ধরন



# জলবায়ু অর্থায়নে সার্বিকভাবে স্বচ্ছতায় অগ্রগতি

**২০১২ সনে টিআইবি গবেষণায় প্রাপ্ত তথ্য**

**২০১৪ এর জুন পর্যন্ত অগ্রগতি**

## বিসিসিআরএফ

(বিশ্বব্যাংকের তথ্য প্রকাশ নীতিমালা অনুযায়ী)

বিসিসিআরএফ সম্পর্কে ধারণাপত্র, এনজিও তহবিলের উপর ধারণা পত্র, একটি প্রকল্পের তথ্যপত্রের সারাংশ

বিসিসিআরএফ ও পিকেএসএফ'র (সিসিপি) পৃথক পৃথক ওয়েব পোর্টাল; তহবিল প্রাপ্তির যোগ্যতা ও প্রদান পদ্ধতি; তহবিলের পরিমাণ, প্রকল্প সারাংশ

## বিসিসিটিএফ

(বাংলাদেশ সরকারের তথ্য অধিকার আইন অনুসারে)

বিসিসিআরএফ সম্পর্কে ধারণাপত্র, এনজিও তহবিলের উপর ধারণা পত্র, একটি প্রকল্পের তথ্যপত্রের সারাংশ

বিসিসিটি'র পৃথক ওয়েব পোর্টাল; প্রকল্প প্রস্তাবের ফরম্যাট, প্রকল্প নির্বাচন পদ্ধতি, অনুমোদনকৃত প্রকল্পের তালিকা; প্রকল্প কার্যক্রম তদারকি, জবাবদিহিতা পদ্ধতি

## স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশে চ্যালেঞ্জ

- প্রকল্প নির্বাচন এবং তদারকিতে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর মতামত
- সরকারি/এনজিও প্রকল্প নির্বাচন/মূল্যায়ন;প্রকল্প অনুমোদন/বাতিলের যথার্থতা, প্রকল্প ফলাফল
- প্রকল্প নির্বাচন/বাতিলে বিশ্বব্যাংকের ভূমিকা; বিসিসিআরএফ পরিচালনা ব্যয়ের প্রতিবেদন
- আর্থিক নিরীক্ষা এবং প্রকল্প নিরীক্ষা বা প্রভাব সংক্রান্ত আইএমইডি প্রতিবেদন
- বিশ্বব্যাংক কর্তৃক বিসিসিআরএফ পরিচালনার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত সরকারের সাথে চুক্তি
- বিসিসিটিএফ ও বিসিসিআরএফ'র পক্ষে তৃতীয় পক্ষ প্রকল্প তদারকি/মূল্যায়ন প্রতিবেদন

# প্রতিষ্ঠান-ভিত্তিক তহবিল ব্যবহারে অগ্রাধিকার নির্ধারণে সমস্যা



ছবি: পিনাকী রায়
২৫ মে, ২০১৪

- আইলার ৫ বছর পরও ক্ষতিগ্রস্ত শ্যামনগরের গাবুরা ইউনিয়নে ১০০ পরিবার এখনো বাঁধের ওপরে অবস্থান করছে
- বাঁধ পুনঃ মেরামত না করায় ৩৩ বর্গ কি.মি. এলাকার ১৫টি গ্রামে লবণাক্ততা চরম আকারে ধারণ করেছে; সুপেয় পানির ব্যবস্থাও নেই
- গ্রামগুলোতে কোন ফসল হয়না; কিছু নারিকেল, সুপারি এবং তালগাছ ছাড়া কিছুই নেই

# জলবায়ু অর্থায়নে প্রকল্প অনুমোদন ও বাস্তবায়নে চ্যালেঞ্জ


## প্রকল্প বাছাই ও অনুমোদনে চ্যালেঞ্জ

- তহবিল বরাদ্দ, প্রকল্প প্রণয়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ক) নাগরিক সমাজর নগণ্য অংশগ্রহণ; খ) ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সীমিত /একেবারেই অংশগ্রহণ না থাকা
- ক্ষেত্রবিশেষে পরিবেশগত, ভৌগলিক ও সামাজিক প্রভাব নির্ণয় ছাড়াই রাজনৈতিক বিবেচনায় সরকারি/বেসরকারি প্রকল্প অনুমোদন
- বিসিসিআরএফ প্রকল্প অনুমোদনে ধীর গতি- গড়ে প্রায় ২ বছর সময় লেগে যায়
- বেসরকারি প্রকল্প নির্বাচনে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিকে যথাযথ অগ্রাধিকার না দেওয়া খুলনা ও সাতক্ষীরায় বিসিসিটিএফ হতে স্বল্প তহবিল বরাদ্দ
- বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনে মাঠ পর্যায়ে তথ্য যাচাইয়ে প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ও অনিয়ম

## প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জ

- প্রকল্পের প্রভাব সমীক্ষা না করেই ক্ষেত্রবিশেষে প্রকল্প অনুমোদন - টেকসই ব্যবস্থা ছাড়াই প্রকল্প গ্রহণ (যেমন, বিসিসিটিএফ হতে প্রায় ২২.১৮ কোটি টাকা ব্যয়ে হাইক্কার খাল ও নারায়ণগঞ্জের চারারগোপে সঞ্চিত পলিথিন ও বিভিন্ন বর্জ্য অপসারণ
- অভিযোগ নিরসনের কার্যকর ব্যবস্থা অনুপস্থিত
- ঠিকাদার নির্বাচনে রাজনৈতিক প্রভাব; সরকারি ক্রয় আইন অমান্য (সাব-কন্ট্রাকটর নিয়োগ)
- বাস্তবায়ন পর্যায়ে ক্ষেত্রবিশেষে নিম্ন কাজের মান
- এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক অপরিকল্পিত অভিযোজন প্রকল্প গ্রহণ
- সরকারি/বেসরকারি প্রকল্প বাস্তবায়নে সক্ষমতার ঘাটতি
- বাস্তবায়নে জবাবদিহিতা ও সততার ঘাটতি

**বরাদ্দকৃত জলবায়ু তহবিলের কতটুকু প্রকৃত ক্ষতিগ্রস্তের কাছে পৌঁছায় ???**



# বাস্তবায়িত প্রকল্প তদারকি, নিরীক্ষা ও মূল্যায়নে চ্যালেঞ্জ

- **বাস্তবায়নকারী মন্ত্রণালয়কে জবাবদিহিতার আওতায় আনার ক্ষেত্রে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা/এখতিয়ার না থাকা**
- **বিসিসিটিএফ/ বিসিসিআরএফ প্রকল্প নিরীক্ষা/মূল্যায়নে আইএমইডি'র দায়িত্ব নিয়ে অস্পষ্টতা**
- **বিসিসিটিএফ এবং বিসিসিআরএফ'র পক্ষ থেকে সিএন্ডএজি কার্যালয়ের সাথে সমন্বয়ে ঘাটতি**
- **বিসিসিটিএফ এবং বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত সরকারি প্রকল্পসমূহের জন্য ভিন্ন ভিন্ন ক্রয় আইন অনুসরণ**
- **তদারকির জন্য সক্ষমতার (দক্ষ জনবল ও সম্পদ) ঘাটতি**
- **বিসিসিআরএফ'র তৃতীয় পক্ষ তদারকির কার্যকারিতায় ঘাটতি-** তৃতীয় পক্ষ হিসাবে কর্মরতদের স্বাধীনভাবে কাজ করতে না পারা; বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও ঠিকাদারদের যোগসাজশে অনৈতিক চাপ; ১২জন এফআরই চাকরি ছেড়ে চলে যায়
- **অভিযোজন প্রকল্প তদারকিতে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সীমিত অংশগ্রহণ**
- **এনজিও/বেসরকারি বাস্তবায়িত প্রকল্প নিরীক্ষায় পিকেএসএফ কর্তৃক দিকনির্দেশনার ঘাটতি**

# জলবায়ু তহবিল প্রাপ্তি ও কার্যকর ব্যবহারের সম্ভাবনা নিশ্চিতে সুপারিশ

## ক) বৈশ্বিক পর্যায়ে আর্থিক ও প্রাতিষ্ঠানিক পদক্ষেপ

১) উন্নত দেশগুলোর প্রতিশ্রুতি অনুযায়ী উন্নয়নশীল ও স্বল্পোন্নত দেশগুলোর অভিযোজন বাবদ জিসিএফ ও অন্যান্য উতস হতে দ্রুত ও সহজে সংগ্রহযোগ্য তহবিল বরাদ্দে ক্ষতিগ্রস্ত দেশগুলোর সরকার এবং সুশীল সমাজকে জোর দাবি জানাতে হবে;

২) জিসিএফ থেকে তহবিল পেতে বাংলাদেশ সহ উন্নয়নশীল দেশগুলোকে দ্রুত জাতীয় দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ (এনডিএ) ও জাতীয় বাস্তবায়নকারী প্রতিষ্ঠান (এনআইই) নির্ধারণ এবং প্রয়োজনীয় সক্ষমতা অর্জনে জিসিএফকে কারিগরি সহায়তা প্রদান করতে হবে;

৩) জিসিএফ'র সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় স্বল্পোন্নত দেশগুলোর কার্যকর প্রতিনিধিত্ব নিশ্চিতে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনে সহায়তা করতে হবে।

## খ) জাতীয় পর্যায়ে তহবিল ব্যবস্থাপনা এবং কার্যকর ব্যবহারে প্রাতিষ্ঠানিক পদক্ষেপ

৪) বিসিসিটিএফ, বিসিসিআরএফ সহ অন্যান্য জলবায়ু তহবিল গ্রহণ, ছাড়, ব্যবস্থাপনা এবং প্রকল্প অনুমেদান ও বাস্তবায়নে সরকার, বিশেষজ্ঞ, জনপ্রতিনিধি, ব্যক্তি খাত, ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী, সুশীল সমাজ ও গণমাধ্যম প্রতিনিধির সমন্বয়ে উচ্চ ক্ষমতা সম্পন্ন "জলবায়ু অর্থায়ন কমিশন/কর্তৃপক্ষ" প্রতিষ্ঠা করতে হবে;

# জলবায়ু অর্থায়ন কমিশন/কর্তৃপক্ষ: প্রস্তাবিত ধারণা

## জলবায়ু অর্থায়ন কমিশন/কর্তৃপক্ষ

- জলবায়ু অর্থায়ন সংক্রান্ত আইন ও নীতি প্রণয়ন, সংশোধন ও পরিমার্জন
- তহবিল সংক্রান্ত তথ্য এবং জ্ঞান ভাণ্ডার পরিচালনা
- আন্তঃ প্রতিষ্ঠান সমন্বয়
- উন্নয়ন পরিকল্পনার সাথে জলবায়ু পরিবর্তনকে সমন্বিত করে কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও সুপারিশ
- সক্ষমতা বৃদ্ধি ও জলবায়ু অর্থায়নে জড়িত সকল প্রতিষ্ঠানকে জবাবদিহিতার আওতায় আনা
- তহবিল ব্যবস্থাপনার সকল স্তরে অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তির ব্যবস্থা
- আন্তর্জাতিক আলোচনায় নেতৃত্ব প্রদান

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

- নিয়মিত জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মূল্যায়ন
- তথ্য এবং জ্ঞান সরবরাহ
- আন্তর্জাতিক আলোচনায় সহায়তা

**পরিকল্পনা মন্ত্রণালয়**

- পরিকল্পনা (স্বল্প ও দীর্ঘমেয়াদী)
- গবেষণা ও বিশ্লেষণ
- সুপারিশকৃত প্রকল্প/কর্মসূচী চূড়ান্ত অনুমোদন

**অর্থ মন্ত্রণালয়**

- তহবিল গ্রহণ এবং ছাড়
- আর্থিক ব্যবস্থাপনা

**সিএন্ডএজি অফিস, আইএমইডি স্বাধীন তদারকি ও মূল্যায়ন**

- তদারকি, নিরীক্ষা, মূল্যায়ন
- বিশেষ/স্বাধীন নিরীক্ষা
- প্রকল্প প্রভাব মূল্যায়ন

# জলবায়ু তহবিল প্রাপ্তি ও কার্যকর ব্যবহারের সম্ভাবনা নিশ্চিতে সুপারিশ

## গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা

৫) তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে জলবায়ু তহবিল ব্যবস্থাপনা, প্রকল্প অনুমোদন এবং বাস্তবায়ন, নিরীক্ষা ও মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সকল তথ্যের সর্বোচ্চ স্বতঃপ্রণোদিত প্রকাশ ও সীমিত চাহিদা-ভিত্তিক তথ্যের প্রাপ্তি নিশ্চিত করতে হবে;

৬) বিসিসিআরএফ সংক্রান্ত সকল তথ্য প্রকাশ নিশ্চিত করতে এর ব্যবস্থাপক হিসাবে বিশ্বব্যাংকের রেজিলিয়েন্স ফান্ড সংক্রান্ত তথ্য-উপাত্ত তথ্য অধিকার আইনের আওতায় নিয়ে আসতে হবে;

৭) জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান ঝুঁকি এবং ক্ষয়-ক্ষতি নিয়মিত মূল্যায়ন করে বিসিসিএসএপি'র কর্মসূচি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়নে এলাকা/খাত ভিত্তিক জনগোষ্ঠীর ঝুঁকি বিবেচনায় তহবিল বরাদ্দে স্বল্প এবং দীর্ঘমেয়াদী অগ্রাধিকার প্রদান করতে হবে;

৮) জলবায়ু তহবিল ছাড়, প্রকল্প অনুমোদন এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী এবং অভিজ্ঞ ও স্বার্থের দ্বন্দ্ব বহির্ভূত বিশেষজ্ঞ/নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

সকলকে ধৈর্য
ধরে শোনার জন্য
ধন্যবাদ




zhkhan@ti-bangladesh.org
www.ti-bangladesh.org